

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১০৮

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০৮. হায়িযগ্রস্ত মহিলা তার স্বামীর চুল আঁচড়ে দিতে পারে

بَابِ الْحَائِضِ تَمْشُطُّ زَوْجَهَا

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُيَيْنَةَ عَنْ عَلِيّ بْنِ مُسْهِرٍ عَنْ عُبَيْدِ اللَّهِ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ أَنَّهُ كَانَ يَأْمُنُ جَارِيَتَهُ أَنْ تُنَاوِلَهُ الْخُمْرَةَ مِنْ الْمَسْجِدِ فَتَقُولُ إِنِّي حَائِضٌ فَيَقُولُ إِنَّ حِيضَتَكِ لَيْسَتْ فِي كَفِّكِ فَتُنَاوِلُهُ لَا لَمُسْجِدِ فَتَقُولُ إِنِّي حَائِضٌ فَيَقُولُ إِنَّ حِيضَتَكِ لَيْسَتْ فِي كَفِّكِ فَتُنَاوِلُهُ

বাংলা

১১০৮. নাফিঈ' ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা হতে বর্ণনা করেন যে, তিনি তার কোনো এক দাসীকে মসজিদ হতে জায়নামায নিয়ে আসার নির্দেশ দিতেন, আর সে দাসী বলতো, আমি তো হায়িযগ্রস্ত। তখন তিনি বলতেন, তোমার হায়িয় তো আর তোমার হাতে লেগে নেই। তখন সে ওটা নিয়ে আসতো।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু আবী শাইবা ২/৩৬০ সহীহ সনদে। আরও দেখুন, আয়িশার হাদীস যা ১১১১ (১১০৫) নং এ গত হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ নাফি' (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন